

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৭৭

আগরতলা, ২০ জুন, ২০২৪

জম্পুই উচ্চ বিদ্যালয়ের ছাত্রাবাসে ম্যালেরিয়া সনাত্তকরণ কর্মসূচি

উত্তর ত্রিপুরা জেলার জম্পুই উচ্চ বিদ্যালয়ের ছাত্রাবাসে সম্প্রতি ম্যালেরিয়া সনাত্তকরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। এই কর্মসূচিতে স্বাস্থ্যকর্মীগণ ছাত্রাবাসের ৫৫ জন ছাত্রের রক্ত পরীক্ষা করেন। এদের মধ্যে ২ জন ছাত্রের রক্তে ম্যালেরিয়া প্যারাসাইট পাওয়া যায়। স্বাস্থ্যকর্মীগণ সাথে সাথে তাদের ম্যালেরিয়ার ঔষধ দেন ও ঔষধ খাওয়ার নিয়মাবলী সম্পর্কে অবহিত করেন। তাছাড়াও স্বাস্থ্যকর্মীগণ ছাত্রাবাসের ছাত্রদের সাথে স্বাস্থ্য সচেতনতামূলক বিষয় নিয়ে মতবিনিময় করেন। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
